তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR কার্যক্রমের ষান্মাসিক প্রতিবেদন

(জানুয়ারি-জুন ২০২১)

সাসটেইনেবল ফাইন্যান্স ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

১. ভূমিকা

বিশ্বায়নের এই যুগে টেকসই উন্নয়নের ধারা অব্যাহত রাখার লক্ষ্যে কর্পোরেট সামাজিক দায়বদ্ধতা (CSR) একটি অপরিহার্য উপাদান। CSR হল এক ধরনের ব্যবসায়িক শিষ্টাচার বা রীতি যা সমাজের প্রতি ব্যবসা প্রতিষ্ঠানের দায়িত্ব পালনকে ব্যবসার নিয়মের মধ্যে অন্তর্ভুক্ত করে। ব্যবসা প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত কার্যক্রমের ফলে উদ্ভূত নানারকম পরিবেশগত বিরূপ প্রভাব দূরীকরণ এবং সমাজের বিভিন্ন শ্রেণির মধ্যে বিদ্যমান ক্ষোভ, অসমতা ও দারিদ্র্য বিমোচন CSR এর উদ্দেশ্য। বাংলাদেশ ব্যাংক কর্তৃক ১ জুন ২০০৮ তারিখে সর্বপ্রথম (DOS সার্কুলার নং-১: Mainstreaming CSR in Banks and Financial Institutions in Bangladesh) দেশে কার্যরত ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহে CSR মূলধারাকে অন্তর্ভুক্ত করে CSR কার্যক্রমে অর্থ ব্যয়ের দিক-নির্দেশনা দেয়া হয়। পরবর্তীতে ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) এর মাধ্যমে দেশের তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR কার্যক্রমের আওতায় স্বেচ্ছামূলকভাবে বিভিন্ন খাতে CSR সংক্রান্ত ব্যয়ের বিষয়ে বিস্তারিত দিক-নির্দেশনা প্রদান করা হয়। ১০ জুন ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার লেটার নং-৬ (Reporting CSR activities) অনুযায়ী দেশে কার্যরত তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে CSR এর আওতায় গৃহীত/সম্পাদিত যাবতীয় কার্যক্রম ও ব্যয়কৃত অর্থের পরিমাণ সম্বলিত ষান্মাসিক বিবরণী দাখিলের নির্দেশনা দেয়া হয়।

২. CSR খাত ভিত্তিক বিভাজন ও ব্যয়ের হার

বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ (Indicative guidelines for CSR expenditure allocation and end use oversight) অনুযায়ী তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ তাদের কর-পরবর্তী নিট মুনাফার অংশ হতে CSR ব্যয় করতে পারবে। CSR ব্যয়ের প্রায় ৩০% শিক্ষা খাতে এবং ২০% স্বাস্থ্য খাতে ব্যয় করতে হবে। এছাড়া ৯ জুলাই ২০১৫ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৪ এর মাধ্যমে তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের ১০% জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের পরামর্শ প্রদান করা হয়। GBCSRD সার্কুলার লেটার নং-৬/২০১৫ এর মাধ্যমে Social Projects ও Community Investment এর আওতায় আলাদাভাবে শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সাংস্কৃতিক কল্যাণ, প্রত্যন্ত অঞ্চলে অবকাঠামো উন্নয়ন, অধিকার বঞ্চিত জনগোষ্ঠীর জন্য আয়ের উৎস সৃষ্টিমূলক কার্যক্রম এবং অন্যান্যসহ মোট ৮টি খাতে CSR ব্যয় হিসেবে প্রদর্শন করার জন্য নির্দেশনা দেয়া হয়। উল্লেখ্য, দেশে করোনাভাইরাস সংক্রমণের ঝুঁকি রোধ/আক্রান্তদের প্রয়োজনীয় সহযোগিতা প্রদান এবং করোনাভাইরাস উদ্ভূত সঙ্কট মোকাবেলায় স্বাস্থ্যখাতে CSR বাজেট বন্টন সংক্রান্ত দুটি সার্কুলার লেটার (SFD সার্কুলার লেটার ১/২০২০ এবং SFD সার্কুলার লেটার ৩/২০২০) যথাক্রমে বিগত ২২ মার্চ ২০২০ এবং ১৬ জুন ২০২০ তারিখে জারি করা হয়। বর্ণিত সার্কুলার লেটারদ্বয়ে করোনাভাইরাসের প্রাদুর্ভাব মোকাবেলায় স্বাস্থ্যখাতে CSR ব্যয় ২০% থেকে ৬০% এ উন্নীত করার নির্দেশনা দেয়া হয়েছে এবং শিক্ষাখাতে ৩০% ও জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ১০% ব্যয় করার নির্দেশনা অপরিবর্তিত রয়েছে।

চিত্র-১: CSR ব্যয়ের খাতসমূহ

৩.১ জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিক ভিত্তিক খাতওয়ারী CSR ব্যয়

ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সমন্বিতভাবে জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে প্রায় টাঃ৪৬৪.৫৬ কোটি (চারশত চৌষট্টি কোটি ছাপ্পান্ন লক্ষ টাকা) মাত্র CSR ব্যয় করা হয়েছে; তন্মধ্যে ব্যাংকসমূহ কর্তৃক টাঃ৪৬১.৪২ কোটি (চারশত একষট্টি কোটি বিয়াল্লিশ লক্ষ টাকা) মাত্র এবং আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক টাঃ৩.১৩ কোটি (তিন কোটি তের লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করা হয়েছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত CSR কার্যক্রম সংক্রান্ত জানুয়ারি-জুন ২০২১ ভিত্তিক বিবরণী/তথ্য-উপাত্ত পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা এ প্রতিবেদনে তুলে ধরা হলো :

৩.১.১ তফসিলি ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিক ভিত্তিক CSR কার্যক্রম

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে দেশে কার্যরত ৬০টি তফসিলি ব্যাংক কর্তৃক CSR বিষয়ক বিবরণী/তথ্য-উপাত্ত বাংলাদেশ ব্যাংকে দাখিল করা হয়েছে (নতুন তফসিলি ব্যাংক সিটিজেনস ব্যাংক পিএলসি ব্যতীত)। প্রাপ্ত CSR বিবরণীসমূহ পর্যালোচনান্তে সার্বিক অবস্থা ছক-১ এবং চিত্র-২ এ তুলে ধরা হলো :

ছক-১ ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২১ ভিত্তিক CSR কার্যক্রমের বিবরণী

ক্রম	ব্যাংকসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	দুর্যোগ ব্যবস্থাপনা	পরিবেশ	সংস্কৃতি	অব-কাঠামো উন্নয়ন	আয় উৎসারী কার্যক্রম	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (৩+৪)%
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১	সোনালী ব্যাংক লি.	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৪	০.০৪	০.০০	০.০০	০.০০
২	জনতা ব্যাংক লি.	০.০০	০.১৫	১.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৫	১.২০	০.২৫	১২.১৭	৮৩.০৮
৩	অগ্রণী ব্যাংক লি.	১.১২	০.০৩	০.০০	০.০১	০.০০	০.০০	০.০০	০.০৫	১.২১	৯২.৫৬	২.৪৮	০.৮৩
৪	রূপালী ব্যাংক লি.	০.০৩	০.২৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৩১	০.৫৭	৪.৯৪	৪০.৬৪	০.০০
৫	বেসিক ব্যাংক লি.	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৯	০.০৯	০.০০	০.০০	০.০০
৬	বিকেবি	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৭	রাকাব	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৮	বিডিবিএল	০.০১	০.০০২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০১	৬১.১২	২৪.৪৫	০.০০
৯	প্রবাসী কল্যাণ ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
১০	এবি ব্যাংক লি.	০.১৪	৫.০০	০.১৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৫.২৬	২.৫৬	৯৫.০০	২.৩৭
১১	আল আরাফাহ ইসলামী ব্যাংক লি.	০.৩৫	৫.২২	৩.৩৮	৫.৬০	০.০০	০.০০	০.০০	০.০০	১৪.৫৫	২.৪১	৩৫.৮৬	৬১.৭৩
১২	ব্যাংক এশিয়া লি.	০.৭৪	৪.০৯	২.৬৩	০.০০	০.০০	০.০০	০.০০	২.৫৪	১০.০০	৭.৪০	৪০.৯০	২৬.৩০
১৩	বাংলাদেশ কমার্স ব্যাংক লি.	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
১৪	বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক	০.০০	০.৫০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৫০	০.০০	১০০.০০	০.০০
১৫	ব্র্যাক ব্যাংক লি.	০.৭৬	৫.১০	০.০২	০.০০	০.০০	৫.০০	০.০০	০.০০	১০.৮৭	৬.৯৮	৪৬.৯০	০.১৪
১৬	কমিউনিটি ব্যাংক লি.	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
১৭	ঢাকা ব্যাংক লি.	০.১৯	৫.৬৫	৫.০০	০.০০	০.৯১	০.০০	০.০০	০.০০	১১.৭৪	১.৬১	৪৮.০৮	৪২.৫৮
১৮	ডাচ্-বাংলা ব্যাংক লি.	০.৩৫	১.৭৮	৫.০০	০.২৮	০.০০	১৫.০০	০.০০	২.৪৪	২৪.৮৫	১.৪১	৭.১৭	২১.২৫
১৯	ইস্টার্ণ ব্যাংক লি.	০.০১	০.০০	৫.০২	০.০০	০.০০	০.০০	০.০০	৫.০০	১০.০২	০.০৫	০.০০	৫০.০৫
২০	এক্সিম ব্যাংক লি.	০.৯০	৩.৪৫	২৭.২৪	০.০০	০.৪৭	০.০০	০.০০	১.৪০	৩৩.৪৬	২.৬৯	১০.৩০	৮১.৪২
২১	ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি.	১.৫৪	৫.৪৩	৫.১১	০.১৫	০.১০	০.১৬	০.১০	০.০০	১২.৫৯	১২.২৩	৪৩.১৩	৪১.৭৮
২২	আইসিবি ইসলামিক ব্যাংক লি.	০.০০	০.০২	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০৫	০.০০	০.০২	০.০০	৭৯.৯১	০.০০
২৩	আইএফআইসি ব্যাংক লি.	০.০০	৫.০০	০.০৩	০.০০	০.০৫	০.০০	০.০০	০.০৫	৫.১৩	০.০০	৯৭.৪৭	০.৫৮
২৪	ইসলামী ব্যাংক বাংলাদেশ লি.	৪.৮৫	১০০.০১	১২.৮৩	০.০০	০.৪০	০.০০	০.০০	০.০৪	১১৮.১৩	৪.১১	৮৪.৬৬	১০.৮৬
২৫	যমুনা ব্যাংক লি.	২.১৭	১৪.৮২	২.৪৭	০.০০	১.৫৫	০.০০	০.১৫	০.২০	২১.৩৬	১০.১৬	৬৯.৩৮	১১.৫৬
২৬	মেঘনা ব্যাংক লি.	০.০০	০.০০	০.৫০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০১	০.৫০	০.০০	০.০০	৯৯.৮১
২৭	মার্কেন্টাইল ব্যাংক লি.	১.৭৭	২.৭৪	১০.২৮	০.১০	১.২৫	০.০০	০.০০	০.৭১	১৬.৮৫	১০.৪৮	১৬.২৬	৬১.৬২
২৮	মিডল্যান্ড ব্যাংক লি.	০.০১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০১	০.০২	৫২.১৫	০.০০	০.০০

ক্রম	ব্যাংকসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	দুর্যোগ ব্যবস্থাপনা	পরিবেশ	সংস্কৃতি	অব-কাঠামো উন্নয়ন	আয় উৎসারী কার্যক্রম	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (৩+৪)%
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
২৯	মধুমতি ব্যাংক লি.	০.৪৩	২.০১	০.০৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২.৪৭	১৭.৪১	৮১.৩৮	১.২১
৩০	এমটিবিএল	০.২০	২.২৯	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.১৯	২.৬৮	৭.৪৬	৮৫.৪৫	০.০০
৩১	ন্যাশনাল ব্যাংক লি.	০.১৫	৫.০২	৪.৭৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৯.৯৫	১.৫৫	৫০.৫০	৪৭.৯৫
৩২	এনসিসি ব্যাংক লি.	০.৪৬	৫.০৭	০.০৯	০.০০	০.০০	০.০০	০.০০	৪.০৭	৯.৬৯	৪.৭২	৫২.৩২	০.৯০
৩৩	এনআরবি ব্যাংক লি.	০.০৬	১.০১	১.৩৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	২.৪০	২.৬০	৪২.০৪	৫৫.৩৬
৩৪	এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি.	০.০০	১.২৫	১.৪৪	০.০০	০.০১	০.০৩	০.০০	০.০৮	২.৮২	০.০০	৪৪.৫১	৫১.২১
৩৫	গ্লোবাল ইসলামী ব্যাংক লি.	০.০০	০.০১	১.০২	০.০০	০.০০	০.০০	০.০১	০.০০	১.০৩	০.০০	০.৪৮	৯৮.৫৩
৩৬	ওয়ান ব্যাংক লি.	০.০০	৫.০১	০.০০	১.২৩	০.০০	০.০০	০.০০	০.০২	৬.২৬	০.০০	৮০.০৬	১৯.৬৬
৩৭	পদ্মা ব্যাংক লি.	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৩৮	প্রাইম ব্যাংক লি.	২.৭৩	৬.৪৫	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	৬.০৬	১৫.২৫	১৭.৯২	৪২.৩২	০.০০
৩৯	পূবালী ব্যাংক লি.	০.০৬	০.৬৩	৭.০১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৬	৭.৭৫	০.৭৪	৮.১২	৯০.৩৮
৪০	সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি.	০.৮৩	০.১৯	৪.৯৩	০.০০	০.০০	০.০০	০.০৬	০.৬২	৬.৬৩	১২.৫২	২.৮৭	৭৪.৩৬
৪১	শাহজালাল ইসলামী ব্যাংক লি.	১.২১	৫.৫৩	৬.০১	০.৩৭	০.৫২	০.০০	০.০০	০.৪৭	১৪.১১	৮.৫৮	৩৯.১৯	৪৫.২২
৪২	সীমান্ত ব্যাংক লি.	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৪৩	সোশ্যাল ইসলামী ব্যাংক লি.	০.০২	২.০৯	৪.১৮	০.১০	০.০০	০.০০	০.০০	০.০০	৬.৩৯	০.২৭	৩২.৬৮	৬৭.০৫
৪৪	সাউথইস্ট ব্যাংক লি.	১.১৩	৫.২০	০.৪১	০.০০	০.৩২	০.০১	০.০০	০.৩৮	৭.৪৫	১৫.১৬	৬৯.৮৩	৫.৪৫
৪৫	স্ট্যান্ডার্ড ব্যাংক লি.	০.০৫	২.১৪	২.৪০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০১	৪.৬০	১.০৯	৪৬.৫২	৫২.১৭
৪৬	দি সিটি ব্যাংক লি.	০.১০	০.৫৬	০.০০	০.০০	০.৯০	০.০০	০.০০	৫.০৩	৬.৫৯	১.৫২	৮.৫০	০.০০
৪৭	প্রিমিয়ার ব্যাংক লি.	০.০৩	৮.৫২	২.৫৬	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৮	১১.১৮	০.২৭	৭৬.১৫	২২.৮৭
৪৮	ট্রাস্ট ব্যাংক লি.	০.০০	১৭.০৫	২.০৪	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১৯.০৯	০.০০	৮৯.৩১	১০.৬৯
৪৯	ইউসিবিএল	০.৫১	৭.৫৫	৯.১১	০.০০	০.২৬	০.০০	০.০০	০.০১	১৭.৪৪	২.৯০	৪৩.৩০	৫২.২৫
৫০	ইউনিয়ন ব্যাংক লি.	০.০২	১.০১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	১.০৩	২.২৭	৯৭.৭৩	০.০০
৫১	উত্তরা ব্যাংক লি.	০.০০	০.০১	৫.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০১	৫.০১	০.০০	০.১১	৯৯.৭৫
৫২	ব্যাংক আলফালাহ্ লি.	০.০০	০.০০	০.০১	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০১	০.০০	০.০০	১০০.০০
৫৩	কমার্শিয়াল ব্যাংক অব সিলন	০.০০	০.০৭	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০৭	০.০০	১০০.০০	০.০০
৫৪	সিটিব্যাংক এনএ	০.০০	০.০০	০.১৫	০.০০	০.০১	০.০০	০.০০	০.০০	০.১৬	০.০০	০.০০	৯৩.৭৫
৫৫	হাবিব ব্যাংক লি.	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৫৬	এইচএসবিসি	০.২৭	০.১০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.৩৭	৭২.৯৭	২৭.০৩	০.০০
৫৭	এনবিপি	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
৫৮	স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া	০.০০	০.০০৩	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০৩	০.০০	১০০.০০	০.০০
৫৯	স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	০.০০	০.০০	১.২৮	০.০০	০.০০	০.০০	০.০০	০.৭৪	২.০২	০.০০	০.০০	৬৩.২৪
৬০	উরি ব্যাংক	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০	০.০০
	মোট	২৩.১৮	২৩৭.৯৮	১৩৪.৩৭	৭.৮৪	৬.৭৫	২০.২০	০.৩৩	৩০.৭৭	৪৬১.৪২	-	-	-
	শতকরা হার (%)	৫.০২	৫১.৫৮	৩০.৮২		১.৪৬	৪.৩৮	০.০৭	৬.৬৭	১০০.০০		-	-



ছক-১ ও চিত্র-২ এর বিশ্লেষণ নিম্নরূপ :

- ছক-১ ও চিত্র-২ অনুযায়ী জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মোট CSR ব্যয় টাঃ৪৬১.৪২ কোটি (চারশত একষট্টি কোটি বিয়াল্লিশ লক্ষ টাকা) মাত্র ।
- আলোচ্য ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক সর্বোচ্চ ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে, যার পরিমাণ টাঃ২৩৭.৯৮ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৫১.৫৮%)।
- এ ষান্মাসিকে ব্যাংকসমূহ কর্তৃক দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে, যার পরিমাণ টাঃ১৩৪.৩৭ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ২৯.১২%)।
- ব্যাংকসমূহ কর্তৃক শিক্ষাখাতে ব্যয়ের পরিমাণ টাঃ২৩.১৮ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৫.০২%।
- উপরোক্ত তিনটি খাত ব্যতীত উল্লেখযোগ্য খাতসমূহ হচ্ছে অবকাঠামো উন্নয়ন (টাঃ২০.২০ কোটি, যা মোট CSR ব্যয়ের ৪.৩৮%) এবং অন্যান্য (টাঃ৩০.৭৭ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ৬.৬৭%)।
- এছাড়া, ব্যাংকসমূহের পরিবেশ, সংস্কৃতি, এবং আয় উৎসারী কার্যক্রমে CSR ব্যয় যথাক্রমে টাঃ৭.৮৪ কোটি, টাঃ৬.৭৫ কোটি এবং টাঃ০.৩৩ কোটি মাত্র।
- স্বাস্থ্যখাতে মূলত ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায়/সুবিধাবঞ্চিত/প্রতিবন্ধী রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, বিনামূল্যে মেডিক্যাল ক্যাম্প ও ক্লিনিক সেবা প্রদান, বিনামূল্যে চিকিৎসা ও স্বাস্থ্যসেবা সামগ্রী বিতরণ এবং কোভিড-১৯ সহ অন্যান্য দুরারোগ্য ব্যাধিতে আক্রান্ত মানুষের চিকিৎসার্থে ব্যাংকসমূহ কর্তৃক CSR বাবদ সরাসরি অনুদান দেয়া হয়েছে। সারাদেশে কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় জনসাধারণের জন্য মাস্ক, স্যানিটাইজার, পিপিই, টেস্টিং কিট, অক্সিজেন সিলিন্ডার, শ্বাস-প্রশ্বাস সংক্রান্ত ডিভাইস ইত্যাদি সরবরাহের জন্য আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে। তাছাড়া, হাসপাতাল/ক্লিনিক নির্মাণ, হাসপাতাল/ক্লিনিক/ডায়াগনস্টিক সেন্টারের পরিচলন ব্যয় নির্বাহ এবং চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় বাবদ অনুদান দেয়া হয়েছে। ফিউনারেল কমপ্লেক্সের জন্য অ্যাম্বুলেন্স ক্রয়, হাসপাতালে ফ্রিজিং ভ্যান, মেডিক্যাল কার্ট ও নিউম্যাটিক বেড ক্রয় বাবদও আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।
- দুর্যোগ ব্যবস্থাপনার আওতায় প্রধানত শীতার্ত ও দরিদ্র মানুষের মাঝে কম্বল বিতরণ, সুবিধাবঞ্চিত/হতদরিদ্র মানুষের মাঝে খাদ্যসামগ্রী বিতরণ এবং কোভিড-১৯ এর কারণে ক্ষতিগ্রস্ত/কর্মহীন জনগোষ্ঠীর মধ্যে খাদ্য ও ত্রাণ সামগ্রী বিতরণ খাতে ব্যয় করা

হয়, যার বেশীরভাগ প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে অনুদান হিসেবে দেয়া হয়েছে। তাছাড়া, ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন শাখা অফিস, NGO এবং সরকারি সংস্থার মাধ্যমেও শীতার্তদের কম্বল বিতরণ ও কোভিড-১৯ এ দুর্দশাগ্রস্ত জনগোষ্ঠীকে সহায়তা প্রদান করা হয়েছে।

- শিক্ষাখাতের ব্যয় পর্যালোচনায় দেখা যায়, ব্যাংকসমূহ কর্তৃক প্রধানত নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক, স্নাতক এবং স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থীদের বৃত্তি প্রদানকল্পে CSR ব্যয় করা হয়েছে। তাছাড়া, বিভিন্ন শিক্ষা উপকরণ প্রদান এবং শিক্ষাখাতের অবকাঠামো উন্নয়নেও CSR ব্যয় করা হয়েছে। উল্লেখ্য, কোভিড-১৯ পরিস্থিতির কারণে সারাদেশে শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ থাকায় এ ষান্মাসিকে শিক্ষাখাতে CSR ব্যয়ের পরিমাণ পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় কম।
- এছাড়া, সংস্কৃতি খাতের আওতায় 'মুজিববর্ষ' উদযাপনার্থে বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট এ অনুদান প্রদান করা হয়েছে।

৩.১.২ ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয়

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ব্যাংক এর ধরণ অনুযায়ী CSR ব্যয়ের পরিমাণ এবং মোট ব্যয়ের শতকরা হার ছক-২ এ উল্লেখ করা হলো। এ ষান্মাসিকে দেশের রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংকসমূহ সমন্বিতভাবে টাঃ৩.১২ কোটি (তিন কোটি বারো লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ০.৬৮%। অন্যদিকে, বিশেষায়িত ব্যাংকসমূহ কোনরূপ CSR ব্যয় করেনি। ৪২টি বেসরকারি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৩৮টি ব্যাংক জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে টাঃ৪৫৫.৬৭ কোটি (চারশত পঞ্চান্ন কোটি সাতষট্টি লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ৯৮.৭৫%। বেসরকারি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে বাংলাদেশ কমার্স ব্যাংক লি., কমিউনিটি ব্যাংক লি.,পদ্মা ব্যাংক লি. এবং সীমান্ত ব্যাংক লি. আলোচ্য ষান্মাসিকে কোনরূপ CSR ব্যয় করেনি। অপরদিকে, ৯টি বিদেশি বাণিজ্যিক ব্যাংকের মধ্যে ৬টি ব্যাংক টাঃ২.৬৩ কোটি (দুই কোটি তেষট্টি লক্ষ টাকা) মাত্র CSR খাতে ব্যয় করেছে, যা ব্যাংকিং খাতে মোট CSR ব্যয়ের ০.৫৭%। বিদেশি বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে হাবিব ব্যাংক লি., ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান এবং উরি ব্যাংক কোনরূপ CSR ব্যয় করেনি।

ছক-২ : ব্যাংকের ধরণ অনুযায়ী CSR ব্যয় (কোটি টাকায়)

ব্যাংকের ধরণ	মোট ব্যয়	শতকরা হার (%)
রাষ্ট্রীয় মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক (৬টি)	৩.১২	০.৬৮
বিশেষায়িত বাণিজ্যিক ব্যাংক (৩টি)	০.০০	০.০০
বেসরকারি বাণিজ্যিক ব্যাংক (৪২টি)	৪৫৫.৬৭	৯৮.৭৫
বিদেশি বাণিজ্যিক ব্যাংক (৯টি)	২.৬৩	০.৫৭
সর্বমোট (৬০টি)	৪৬১.৪২	১০০.০০

৩.১.৩ শিক্ষা খাতে ব্যাংকসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ৬০টি ব্যাংকের মধ্যে ৪৫টি ব্যাংক মোট CSR ব্যয়ের ০%-৫% (২৬টি ব্যাংক কোনরূপ ব্যয় করেনি) এবং ১১টি ব্যাংক ৬%-২০% সীমার মধ্যে শিক্ষাখাতে ব্যয় করেছে। ২১%-২৯% সীমার মধ্যে কোন ব্যাংক শিক্ষাখাতে ব্যয় করেনি। শতকরা হার পর্যালোচনায় দেখা যায়, CSR ব্যয়ের জন্য নির্ধারিত খাতসমূহের মধ্যে শিক্ষাখাতে ৪টি ব্যাংক ৩০% এর অধিক ব্যয় করেছে। ছক-২.১ এ শিক্ষাখাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ :

ছক-২.১ শিক্ষা খাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস

শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
(০-৫)%	১. সোনালী ব্যাংক লি., ২. জনতা ব্যাংক লি., ৩. রূপালী ব্যাংক লি., ৪. বেসিক ব্যাংক লি., ৫. বিকেবি, ৬. রাকাব, ৭. প্রবাসী কল্যাণ ব্যাংক, ৮. এবি ব্যাংক লি., ৯. আল আরাফাহ ইসলামী ব্যাংক লি., ১০. বাংলাদেশ কমার্স ব্যাংক লি., ১১. বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক, ১২. কমিউনিটি ব্যাংক লি., ১৩. ঢাকা ব্যাংক লি., ১৪. ডাচ্-বাংলা ব্যাংক লি., ১৫. ইস্টার্ণ ব্যাংক লি., ১৬. এক্সিম ব্যাংক লি., ১৭. আইসিবি ইসলামিক ব্যাংক লি., ১৮. আইএফআইসি ব্যাংক লি., ১৯. ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ২০. মেঘনা ব্যাংক লি., ২১. ন্যাশনাল ব্যাংক লি., ২২. এনসিসি ব্যাংক লি., ২৩. এনআরবি ব্যাংক লি., ২৪. এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি., ২৫. গ্লোবাল ইসলামী ব্যাংক লি., ২৬. ওয়ান ব্যাংক লি., ২৭. পদ্মা ব্যাংক লি., ২৮. পূবালী ব্যাংক লি., ২৯. সীমান্ত ব্যাংক লি., ৩০. সোশ্যাল ইসলামী ব্যাংক লি., ৩১. স্ট্যান্ডার্ড ব্যাংক লি., ৩২. দি সিটি ব্যাংক লি., ৩৩. প্রিমিয়ার ব্যাংক লি., ৩৪. ট্রাস্ট ব্যাংক লি., ৩৫. ইউসিবিএল, ৩৬. ইউনিয়ন ব্যাংক লি., ৩৭. উত্তরা ব্যাংক লি., ৩৮. ব্যাংক আলফালাহ্ লি., ৩৯. কমার্শিয়াল ব্যাংক অব সিলন, ৪০. সিটিব্যাংক এনএ, ৪১. হাবিব ব্যাংক লি., ৪২. এনবিপি, ৪৩. ষ্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, ৪৪. স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, ৪৫. উরি ব্যাংক	৪৫টি

শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
(৬-১০)%	১. ব্যাংক এশিয়া লি., ২. ব্র্যাক ব্যাংক লি., ৩. যমুনা ব্যাংক লি., ৪. মার্কেন্টাইল ব্যাংক লি., ৫.এমটিবিএল, ৬. শাহজালাল ইসলামী ব্যাংক লি.	৬টি
(১১-১৫)%	১. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি., ২. সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি., ৩. সাউথইস্ট ব্যাংক লি.	৩টি
(১৬-২০)%	১. মধুমতি ব্যাংক লি., ২. প্রাইম ব্যাংক লি.	২টি
(২১-২৫)%	----------	০টি
(২৬-২৯)%	-----------	০টি
≥৩০%	১. অগ্রণী ব্যাংক লি., ২. বিডিবিএল, ৩. মিডল্যান্ড ব্যাংক লি., ৪. এইচএসবিসি	৪টি

৩.১.৪ স্বাস্থ্যখাতে ব্যাংকসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ৬০টি ব্যাংকের মধ্যে ২২টি ব্যাংক মোট CSR ব্যয়ের ০%-৫% (১৮টি ব্যাংক কোনরূপ ব্যয় করেনি), ৬টি ব্যাংক ৬%-২০% এবং ১৭টি ব্যাংক ২১%-৫৯% সীমার মধ্যে স্বাস্থ্যখাতে ব্যয় করেছে। শতকরা হার পর্যালোচনায় দেখা যায়, CSR ব্যয়ের জন্য নির্ধারিত খাতসমূহের মধ্যে স্বাস্থ্যখাতে ১৫টি ব্যাংক ৬০% এর অধিক ব্যয় করেছে।

ছক-২.২ এ ব্যাংকসমূহের স্বাস্থ্যখাতে মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস দেখানো হলো :

ছক-২.২ : স্বাস্থ্যখাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস

শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
(০-৫)%	১. সোনালী ব্যাংক লি., ২. অগ্রণী ব্যাংক লি., ৩. বেসিক ব্যাংক লি., ৪. বিকেবি, ৫. রাকাব, ৬. প্রবাসী কল্যাণ ব্যাংক, ৭. বাংলাদেশ কমার্স ব্যাংক লি., ৮. কমিউনিটি ব্যাংক লি., ৯. ইস্টার্ণ ব্যাংক লি., ১০. মেঘনা ব্যাংক লি., ১১. মিডল্যান্ড ব্যাংক লি., ১২. গ্লোবাল ইসলামী ব্যাংক লি., ১৩. পদ্মা ব্যাংক লি., ১৪. সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি., ১৫. সীমান্ত ব্যাংক লি., ১৬. উত্তরা ব্যাংক লি., ১৭. ব্যাংক আলফালাহ্ লি., ১৮. সিটিব্যাংক এনএ, ১৯. হাবিব ব্যাংক লি., ২০. এনবিপি, ২১. স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, ২২. উরি ব্যাংক	২২টি
(৬-১০)%	১. ডাচ-বাংলা ব্যাংক লি., ২. এক্সিম ব্যাংক লি., ৩. পূবালী ব্যাংক লি., ৪. দি সিটি ব্যাংক লি.	৪টি
(১১-১৫)%	১. জনতা ব্যাংক লি.	১টি
(১৬-২০)%	১. মার্কেন্টাইল ব্যাংক লি.	১টি
(২১-৫৯)%	১. রূপালী ব্যাংক লি., ২. বিডিবিএল, ৩. আল আরাফাহ ইসলামী ব্যাংক লি., ৪. ব্যাংক এশিয়া লি., ৫. ব্র্যাক ব্যাংক লি., ৬. ঢাকা ব্যাংক লি., ৭. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি., ৮. ন্যাশনাল ব্যাংক লি., ৯. এনসিসি ব্যাংক লি., ১০. এনআরবি ব্যাংক লি., ১১. এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি., ১২. প্রাইম ব্যাংক লি., ১৩. শাহজালাল ইসলামী ব্যাংক লি., ১৪. সোশ্যাল ইসলামী ব্যাংক লি., ১৫. স্ট্যান্ডার্ড ব্যাংক লি., ১৬. ইউসিবিএল, ১৭. এইচএসবিসি	১৭টি
≥৬০%	১. এবি ব্যাংক লি., ২. বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক, ৩. আইএফআইসি ব্যাংক লি., ৪. ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ৫. যমুনা ব্যাংক লি., ৬. মধুমতি ব্যাংক লি., ৭. এমটিবিএল, ৮. ওয়ান ব্যাংক লি., ৯. সাউথইস্ট ব্যাংক লি., ১০. প্রিমিয়ার ব্যাংক লি., ১১. ট্রাস্ট ব্যাংক লি., ১২. ইউনিয়ন ব্যাংক লি., ১৩. কমার্শিয়াল ব্যাংক অব সিলন, ১৪. স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, ১৫. আইসিবি ইসলামিক ব্যাংক লি.	১৫টি

৩.১.৫ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যাংকসমূহের CSR ব্যয়ের হার

দুর্যোগ ব্যবস্থাপনা (প্রতিরোধ ও পুনর্বাসন) এবং পরিবেশ (পরিবেশ পরিস্থিতি অবনমন ও দূষণ রোধ, জলবায়ু পরিবর্তনজনিত প্রশমন ও অভিযোজন, কার্বন নির্গমনের হার হ্রাস) এ দুটি খাতকে মূলত জলবায়ু ঝুঁকি তহবিল খাত হিসেবে বিবেচনা করা হয়। জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ৬০টি ব্যাংকের মধ্যে ৩১টি ব্যাংক মোট CSR ব্যয়ের ০%-৫% (এদের মধ্যে ২৪টি ব্যাংক কোনরূপ ব্যয় করেনি) সীমার মধ্যে ব্যয় করেছে। ০৬%-১০% সীমার মধ্যে কোন ব্যাংক জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয় করেনি। শতকরা হার পর্যালোচনায় দেখা যায়, ২৯টি ব্যাংক কর্তৃক CSR নীতিমালা অনুযায়ী জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ১০% এর অধিক হারে ব্যয় করা হয়েছে।

ছক-২.৩ এ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ :

ছক-২.৩ : জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যাংকসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস

শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
(০-৫)%	১. সোনালী ব্যাংক লি., ২. অগ্রণী ব্যাংক লি., ৩. রূপালী ব্যাংক লি., ৪. বেসিক ব্যাংক লি., ৫. বিকেবি, ৬. রাকাব, ৭. বিডিবিএল, ৮. প্রবাসী কল্যাণ ব্যাংক, ৯. এবি ব্যাংক লি., ১০. বাংলাদেশ কমার্স ব্যাংক লি., ১১. বেঙ্গল কমার্শিয়াল ব্যাংক, ১২. ব্র্যাক ব্যাংক লি., ১৩. কমিউনিটি ব্যাংক লি., ১৪. আইসিবি ইসলামিক ব্যাংক লি., ১৫. আইএফআইসি ব্যাংক লি., ১৬. মধুমতি ব্যাংক লি., ১৭. এমটিবিএল, ১৮. এনসিসি ব্যাংক লি., ১৯. পদ্মা ব্যাংক লি., ২০. প্রাইম ব্যাংক লি., ২১. সীমান্ত ব্যাংক লি., ২২. সাউথইস্ট ব্যাংক লি., ২৩. দি সিটি ব্যাংক লি., ২৪. ইউনিয়ন ব্যাংক লি., ২৫. কমার্শিয়াল ব্যাংক অব সিলন, ২৬. হাবিব ব্যাংক লি., ২৭. এইচএসবিসি, ২৮. এনবিপি, ২৯. স্টেট ব্যাংক অফ ইন্ডিয়া, ৩০. উরি ব্যাংক ৩১. মিডল্যান্ড ব্যাংক লি.	৩১টি
(৬-৯)%	-----------	০টি

শতকরা হার	ব্যাংকের নাম	সংখ্যা
≥১০%	১. জনতা ব্যাংক লি., ২. আল আরাফাহ ইসলামী ব্যাংক লি., ৩. ব্যাংক এশিয়া লি., ৪. ঢাকা ব্যাংক লি., ৫. ডাচ্-বাংলা ব্যাংক লি., ৬. ইস্টার্ণ ব্যাংক লি., ৭. এক্সিম ব্যাংক লি., ৮. ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক লি., ৯. ইসলামী ব্যাংক বাংলাদেশ লি., ১০. যমুনা ব্যাংক লি., ১১. মেঘনা ব্যাংক লি., ১২. মার্কেন্টাইল ব্যাংক লি., ১৩. ন্যাশনাল ব্যাংক লি., ১৪. এনআরবি ব্যাংক লি., ১৫. এনআরবি কমার্শিয়াল ব্যাংক লি., ১৬. গ্লোবাল ইসলামী ব্যাংক লি., ১৭. ওয়ান ব্যাংক লি., ১৮. পূবালী ব্যাংক লি., ১৯. সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লি., ২০. শাহজালাল ইসলামী ব্যাংক লি., ২১. সোশ্যাল ইসলামী ব্যাংক লি., ২২. স্ট্যান্ডার্ড ব্যাংক লি., ২৩. প্রিমিয়ার ব্যাংক লি., ২৪. ট্রাস্ট ব্যাংক লি., ২৫. ইউসিবিএল, ২৬. উত্তরা ব্যাংক লি., ২৭. ব্যাংক আলফালাহ্ লি., ২৮. সিটিব্যাংক এনএ, ২৯. স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক	২৯টি

৩.১.৬ ষান্মাসিক ভিত্তিক ব্যাংকসমূহের খাতওয়ারি ব্যয়ের তুলনামূলক চিত্র

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় টাঃ৪৬১.৪২ কোটি (চারশত একষট্টি কোটি বিয়াল্লিশ লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় ছিল টাঃ৪৫০.৫৮ কোটি (চারশত পঞ্চাশ কোটি আটান্ন লক্ষ টাকা) মাত্র। জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ব্যাংকসমূহের CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় টাঃ১০.৮৪ কোটি (ছিষট্টি কোটি উনচল্লিশ লক্ষ টাকা মাত্র) বা ২.৪১% বেশি।

ব্যাংকসমূহের জানুয়ারি-জুন ২০২১ এবং জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিক ভিত্তিক CSR এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় চিত্র-৩ এর মাধ্যমে নিম্নে উপস্থাপন করা হলো :

চিত্র-৩ : ষান্মাষিক ভিত্তিক ব্যাংকসমূহের CSR এর খাতওয়ারি তুলনামূলক ব্যয়

[বিঃদ্রঃ বাংলাদেশ ব্যাংক কর্তৃক ২২ ডিসেম্বর ২০১৪ তারিখে জারিকৃত GBCSRD সার্কুলার নং-৭ অনুযায়ী তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের মোট CSR ব্যয় বন্টনের প্রায় ২০% স্বাস্থ্যখাতে ব্যয় করার পরামর্শ দেয়া হয়। পরবর্তীতে ২০২০ সালে কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় SFD সার্কুলার লেটার ১/২০২০ ও ৩/২০২০ এর মাধ্যমে CSR ব্যয় বন্টনে ৬০% স্বাস্থ্যখাতে ব্যয় নিশ্চিত করার নির্দেশনা দেয়া হয়েছে।]

চিত্র-৩ হতে ব্যাংকসমূহের খাতওয়ারী CSR ব্যয় বিশ্লেষণ নিম্নরূপ :

- জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকের তুলনায় শিক্ষা খাতে CSR ব্যয় প্রায় দ্বিগুণ হ্রাস পেয়েছে। উল্লেখ্য, কোভিড-১৯ পরিস্থিতির কারণে সারাদেশে স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় প্রভৃতি শিক্ষাপ্রতিষ্ঠান বন্ধ থাকায় শিক্ষাখাতে পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় এ ষান্মাসিকে CSR ব্যয় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে মর্মে প্রতীয়মান হয়।
- স্বাস্থ্যখাতে CSR ব্যয়ের পরিমাণ জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকের তুলনায় তিনগুণেরও অধিক বৃদ্ধি পেয়েছে। ব্যক্তি পর্যায়ে হতদরিদ্র/অসহায় রোগীদের চিকিৎসা সহায়তা প্রদান, সারাদেশে কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় এ রোগে আক্রান্ত মানুষের চিকিৎসা প্রদান, কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধকল্পে জনসাধারণের জন্য মাস্ক, স্যানিটাইজার, পিপিই, টেস্টিং কিট, অক্সিজেন সিলিন্ডার ইত্যাদি সরবরাহ, হাসপাতাল/ ক্লিনিক নির্মাণ ও এদের পরিচলন ব্যয় নির্বাহ, চিকিৎসা সরঞ্জামাদি ক্রয় ইত্যাদি খাতে ব্যাংকসমূহ কর্তৃক CSR ব্যয় করা হয়েছে বিধায় জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকের তুলনায় স্বাস্থ্যখাতে CSR ব্যয় বিপুল পরিমাণে বৃদ্ধি পেয়েছে মর্মে প্রতীয়মান হয়।
- জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকের তুলনায় দুর্যোগ ব্যবস্থাপনা খাতে CSR ব্যয় প্রায় দ্বিগুণ হ্রাস পেয়েছে। উল্লেখ্য, নিজস্ব উদ্যোগে বা প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের মাধ্যমে শীতবস্ত্র বিতরণের লক্ষ্যে অনুদান প্রদান এবং কোভিড আক্রান্ত মানুষের আপদকালীন সেবায় জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে বর্ণিত খাতে ব্যয় করা হয়েছে।
- এছাড়া, পরিবেশ, সংস্কৃতি এবং অন্যান্য খাতে CSR ব্যয়ের পরিমাণ জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকের তুলনায় হ্রাস পেয়েছে।
- অন্যদিকে, অবকাঠামো উন্নয়ন এবং আয় উৎসারী খাতে CSR ব্যয়ের পরিমাণ জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণে বৃদ্ধি পেয়েছে।

৩.১.৭ CSR ব্যয় বহির্ভূত/ ন্যূনতম পরিমাণ CSR ব্যয়কৃত তফসিলি ব্যাংকসমূহ

দেশে কার্যরত তফসিলি ব্যাংকসমূহের মধ্যে জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ১০টি ব্যাংক (বাংলাদেশ কৃষি ব্যাংক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক, প্রবাসী কল্যাণ ব্যাংক, বাংলাদেশ কমার্স ব্যাংক লি., কমিউনিটি ব্যাংক লি., পদ্মা ব্যাংক লি., সীমান্ত ব্যাংক লি., হাবিব ব্যাংক লি., ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান এবং উরি ব্যাংক) কোনরূপ CSR ব্যয় করেনি। অপরদিকে, এ ষান্মাসিকে সোনালী ব্যাংক লি., বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লি., আইসিবি ইসলামিক ব্যাংক লি., মিডল্যান্ড ব্যাংক লি., ব্যাংক আলফালাহ্ লি. এবং ষ্টেট ব্যাংক অফ ইন্ডিয়া-এর CSR ব্যয়ের পরিমাণ নিতান্তই কম।

৩.২ জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিক ভিত্তিক আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR কার্যক্রম

বাংলাদেশে কার্যরত ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ১৩টি আর্থিক প্রতিষ্ঠান জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে CSR খাতে ব্যয় করেছে টাঃ৩.১৩ কোটি (তিন কোটি তের লক্ষ টাকা) মাত্র।

আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দাখিলকৃত জানুয়ারি-জুন ২০২১ ভিত্তিক CSR বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক সার্বিক অবস্থা ছক-৩ এবং চিত্র-৪ এর মাধ্যমে তুলে ধরা হলো :

ছক-৩ আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২১ ভিত্তিক CSR কার্যক্রমের ষান্মাসিক বিবরণী

ক্রম	আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	দুর্যোগ ব্যবস্থাপনা	পরিবেশ	সংস্কৃতি	অবকাঠামো উন্নয়ন	আয় উৎসারী কার্যক্রম	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (৩+৪)%
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
১	অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
২	আভিভা ফাইন্যান্স লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
৩	বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি.	০.০০০	০.২৯০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.২৯০	০.০০	১০০.০০	০.০০
৪	বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
৫	বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.৫৩০	০.০০০	০.০০০	০.৫৩০	০.০০	০.০০	০.০০
৬	বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
৭	সিভিসি ফাইন্যান্স লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
৮	ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি.	০.০০০	০.০০৩	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০২	০.০০৫	০.০০	৫২.০৮	০.০০
৯	ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
১০	এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
১১	ফার্স্ট ফাইন্যান্স লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
১২	জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
১৩	হজ্জ ফাইন্যান্স কোম্পানী লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০৩০	০.০৩০	০.০০	০.০০	০.০০
১৪	আইডিএলসি ফাইন্যান্স লি.	০.০৯১	০.৬৯৯	০.৬৩৫	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	১.৪২৫	৬.৩৯	৪৯.০৬	৪৪.৫৬
১৫	ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
১৬	ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.৪৭০	০.৪৭০	০.০০	০.০০	০.০০
১৭	ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
১৮	আইপিডিসি ফাইন্যান্স লি.	০.১১০	০.০০৪	০.০৯৫	০.০০০	০.০৯৬	০.০০০	০.০০০	০.০০০	০.৩০৫	৩৬.০৮	১.৩৮	৩১.০৬
১৯	ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
২০	লংকাবাংলা ফাইন্যান্স লি.	০.০০৮	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০৮	১০০.০০	০.০০	০.০০
২১	লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
২২	মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
২৩	মাইডাস ফাইন্যান্সিং লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
২৪	ন্যাশনাল ফাইন্যান্স লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
২৫	ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০৩০	০.০৩০	০.০০	০.০০	০.০০
২৬	ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০১০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০১০	০.০০	১০০.০০	০.০০
২৭	প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০৩	০.০০০৩	০.০০	০.০০	০.০০
২৮	প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০

ক্রম	আর্থিক প্রতিষ্ঠানসমূহের নাম	শিক্ষা	স্বাস্থ্য	দুর্যোগ ব্যবস্থাপনা	পরিবেশ	সংস্কৃতি	অব-কাঠামো উন্নয়ন	আয় উৎসারী কার্যক্রম	অন্যান্য	মোট	শিক্ষা খাতে ব্যয়ের হার (%)	স্বাস্থ্য খাতে ব্যয়ের হার (%)	জলবায়ু ঝুঁকি তহবিল খাতে ব্যয়ের হার (৩+৪)%
		পরিমাণ (কোটি টাকায়)											
		১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২
২৯	সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি.	০.০১৯	০.০০৫	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০২৪	৭৭.৮৭	২২.১৩	০.০০
৩০	স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লি.	০.০০৫	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০৫	০.০০	০.০০	০.০০
৩১	দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
৩২	ইউনিয়ন ক্যাপিটাল লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০১	০.০০১	০.০০	০.০০	০.০০
৩৩	ইউনাইটেড ফাইন্যান্স লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
৩৪	উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০০	০.০০	০.০০	০.০০
মোটঃ		০.২৩৩	১.০১১	০.৭৩০	০.০০০	০.০৯৬	০.৫৩০	০.০০০	০.৫৩৪	৩.১৩৪	-	-	-
শতকরা হার (%)		৭.৪৪	৩২.২৭	২৩.২৮	০.০০	৩.০৬	১৬.৯১	০.০০	১৭.০৩	১০০.০০	-	-	-



ছক-৩ ও চিত্র-৪ এর বিশ্লেষণ নিম্নরূপ :

- আর্থিক প্রতিষ্ঠানসমূহ জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে CSR খাতে টাঃ৩.১৩ কোটি (তিন কোটি তের লক্ষ টাকা) মাত্র ব্যয় করেছে।

- আলোচ্য ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সর্বোচ্চ ব্যয় করা হয়েছে স্বাস্থ্যখাতে, যার পরিমাণ টাঃ১.০১ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৩২.২৭%)।
- আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক দ্বিতীয় সর্বোচ্চ ব্যয় করা হয়েছে দুর্যোগ ব্যবস্থাপনা খাতে, যার পরিমাণ টাঃ০.৭৩ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ২৩.২৮%)।
- অন্যান্য খাতে মোট ব্যয়ের পরিমাণ টাঃ০.৫৩৪ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১৭.০৩%।
- অবকাঠামো উন্নয়ন খাতে মোট ব্যয়ের পরিমাণ টাঃ০.৫৩০ কোটি মাত্র, যা মোট CSR ব্যয়ের ১৬.৯১%।
- এছাড়া, শিক্ষাখাতে মোট ব্যয় টাঃ০.২৩ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৭.৪৪%) এবং সংস্কৃতি খাতে মোট ব্যয় প্রায় টাঃ০.১০ কোটি মাত্র (মোট CSR ব্যয়ের ৩.০৬%)।
- উল্লেখ্য, আলোচ্য ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক পরিবেশ ও আয়-উৎসারী খাতে কোনরূপ CSR ব্যয় করা হয়নি।

৩.২.১ শিক্ষা খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৩০টি আর্থিক প্রতিষ্ঠান শিক্ষাখাতে কোনরূপ CSR ব্যয় করেনি। ১টি আর্থিক প্রতিষ্ঠান ১%-১০% সীমার মধ্যে CSR ব্যয় করেছে। ১১%-২৯% সীমার মধ্যে কোন আর্থিক প্রতিষ্ঠান CSR ব্যয় করেনি। তাছাড়া, ৩টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে ৩০% এর অধিক ব্যয় করেছে।

শিক্ষাখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ :

ছক-৩.১ শিক্ষা খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস

শতকরা হার	আর্থিক প্রতিষ্ঠানের নাম	সংখ্যা
০%	১. অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি., ২. আভিভা ফাইন্যান্স লি., ৩. বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ৪. বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি., ৫. বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি., ৬. বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি., ৭. সিভিসি ফাইন্যান্স লি., ৮. ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি., ৯. ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১০. এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১১. ফার্স্ট ফাইন্যান্স লি., ১২. জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি., ১৩. হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি., ১৪. ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি., ১৫. ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি., ১৬. ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি., ১৭. ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১৮. লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি., ১৯. মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ২০. মাইডাস ফাইন্যান্সিং লি., ২১. ন্যাশনাল ফাইন্যান্স লি., ২২. ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি., ২৩. ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ২৪. প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি., ২৫. প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ২৬. স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লি., ২৭. দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ২৮. ইউনিয়ন ক্যাপিটাল লি., ২৯. ইউনাইটেড ফাইন্যান্স লি., ৩০. উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	৩০টি
(১-১০)%	১. আইডিএলসি ফাইন্যান্স লি.	১টি
(১১-১৫)%	-----------	০টি
(১৬-২০)%	-------------	০টি
(২১-২৫)%	-----------	০টি
(২৬-২৯)%	-----------	০টি
≥৩০%	১. আইপিডিসি ফাইন্যান্স লি., ২. লংকাবাংলা ফাইন্যান্স লি., ৩. সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি.	৩টি

৩.২.২ স্বাস্থ্যখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ২৮টি আর্থিক প্রতিষ্ঠান স্বাস্থ্যখাতে CSR ব্যয় করেনি।

পর্যালোচনান্তে দেখা যায়, ১টি আর্থিক প্রতিষ্ঠান স্বাস্থ্যখাতে ১%-১০% সীমার মধ্যে CSR ব্যয় করেছে। ১১%-২০% সীমার মধ্যে কোন আর্থিক প্রতিষ্ঠান CSR ব্যয় করেনি। তবে ৩টি আর্থিক প্রতিষ্ঠান ২১%-৫৯% সীমার মধ্যে ব্যয় করেছে। তাছাড়া, ২টি আর্থিক প্রতিষ্ঠান স্বাস্থ্যখাতে ৬০% এর অধিক ব্যয় করেছে।

উল্লেখ্য, বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি. মোট CSR ব্যয়ের (টাঃ০.২৯ কোটি মাত্র) ১০০.০০%, এবং ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি. মোট CSR ব্যয়ের (টাঃ০.০১ কোটি মাত্র) ১০০.০০% স্বাস্থ্যখাতে ব্যয় করেছে।

ছক-৩.২ এ স্বাস্থ্যখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ :

ছক-৩.২ স্বাস্থ্যখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	আর্থিক প্রতিষ্ঠানের নাম	সংখ্যা
০%	১. অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি., ২. আভিভা ফাইন্যান্স লি., ৩. বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি., ৪. বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি., ৫. বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি., ৬. সিভিসি ফাইন্যান্স লি., ৭. ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ৮. এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ৯. ফার্স্ট ফাইন্যান্স লি., ১০. জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি., ১১. হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি., ১২. ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি., ১৩. ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি., ১৪. ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি., ১৫. ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১৬. লংকাবাংলা ফাইন্যান্স লি., ১৭. লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি., ১৮. মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১৯. মাইডাস ফাইন্যান্সিং লি., ২০. ন্যাশনাল ফাইন্যান্স লি., ২১. ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি., ২২. প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি., ২৩. প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ২৪. স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লি., ২৫. দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ২৬. ইউনিয়ন ক্যাপিটাল লি., ২৭. ইউনাইটেড ফাইন্যান্স লি., ২৮. উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	২৮টি
(১-১০)%	১. আইপিডিসি ফাইন্যান্স লি.	১টি
(১১-১৫)%	------------	০টি
(১৬-২০)%	------------	০টি
(২১-৫৯)%	১. ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি., ২. আইডিএলসি ফাইন্যান্স লি., ৩. সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি.	৩টি
≥৬০%	১. বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ২. ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	২টি

৩.২.৩. জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয়ের হার

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে ৩৪টি আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে ৩১টি আর্থিক প্রতিষ্ঠান এ খাতে কোনরূপ CSR ব্যয় করেনি। ১%-৯% সীমার মধ্যে জলবায়ু ঝুঁকি তহবিল খাতে কোন আর্থিক প্রতিষ্ঠান CSR ব্যয় করেনি। তবে ২টি প্রতিষ্ঠান এ খাতে ১০% এর অধিক ব্যয় করেছে।

ছক-৩.৩ এ জলবায়ু ঝুঁকি তহবিল খাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস নিম্নরূপ :

ছক-৩.৩ স্বাস্থ্যখাতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয়ের শতকরা বিন্যাস		
শতকরা হার	আর্থিক প্রতিষ্ঠানের নাম	সংখ্যা
০%	১. অগ্রণী এসএমই ফাইন্যান্সিং কোম্পানী লি., ২. আভিভা ফাইন্যান্স লি., ৩. বাংলাদেশ ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ৪. বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল ফাইন্যান্স কোম্পানী লি., ৫. বাংলাদেশ ইনফ্রাস্ট্রাক্চার ফাইন্যান্স ফান্ড লি., ৬. বে লিজিং এন্ড ইনভেস্টমেন্ট লি., ৭. সিভিসি ফাইন্যান্স লি., ৮. ডেল্টা ব্র্যাক হাউজিং ফাইন্যান্স কর্পোরেশন লি., ৯. ফারইস্ট ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১০. এফএএস ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১১. ফার্স্ট ফাইন্যান্স লি., ১২. জিএসপি ফাইন্যান্স কোম্পানী (বাংলাদেশ) লি., ১৩. হজ্ব ফাইন্যান্স কোম্পানী লি., ১৪. ইন্ডাস্ট্রিয়াল এন্ড ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট ফাইন্যান্স কোম্পানী লি., ১৫. ইনফ্রাস্ট্রাক্চার ডেভেলপমেন্ট কোম্পানী লি., ১৬. ইন্টারন্যাশনাল লিজিং এন্ড ফাইন্যান্সিয়াল সার্ভিসেস লি., ১৭. ইসলামিক ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ১৮. লংকাবাংলা ফাইন্যান্স লি., ১৯. লংকান এ্যালায়েন্স ফাইন্যান্স লি., ২০. মেরিডিয়ান ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ২১. মাইডাস ফাইন্যান্সিং লি., ২২. ন্যাশনাল ফাইন্যান্স লি., ২৩. ন্যাশনাল হাউজিং ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্টস্ লি., ২৪. ফিনিক্স ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ২৫. প্রিমিয়ার লিজিং এন্ড ফাইন্যান্স লি., ২৬. প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি., ২৭. সউদি বাংলাদেশ ইন্ডাস্ট্রিয়াল এন্ড এগ্রিকালচারাল ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ২৮. স্ট্র্যাটেজিক ফাইন্যান্স লি., ২৯. দি ইউএই বাংলাদেশ ইনভেস্টমেন্ট কোম্পানী লি., ৩০. ইউনিয়ন ক্যাপিটাল লি., ৩১. ইউনাইটেড ফাইন্যান্স লি., ৩২. উত্তরা ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট লি.	৩২টি
(১-৫)%	----------	০টি
(৬-৯)%	-----------	০টি
≥১০%	১. আইডিএলসি ফাইন্যান্স লি., ২. আইপিডিসি ফাইন্যান্স লি.	২টি

৩.২.৪ ষান্মাসিক ভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি CSR ব্যয়ের তুলনামূলক চিত্র

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় টাঃ৩.১৩ কোটি (তিন কোটি তের লক্ষ টাকা) মাত্র। অন্যদিকে, পূর্ববর্তী ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় ছিল টাঃ৭.৪৩ কোটি (সাত কোটি তেতাল্লিশ লক্ষ টাকা) মাত্র।

পর্যালোচনান্তে দেখা যায়, চলতি ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় টাঃ৪.৩০ কোটি (চার কোটি ত্রিশ লক্ষ টাকা) মাত্র বা ৫৭.৮৭% কম।

আর্থিক প্রতিষ্ঠানসমূহের জানুয়ারি-জুন ২০২১ এবং জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিক ভিত্তিক CSR এর খাতওয়ারি এবং মোট তুলনামূলক ব্যয় চিত্র-৫ এ উপস্থাপন করা হল :

	শিক্ষা	স্বাস্থ্য	দুর্যোগ ব্যবস্থাপনা	পরিবেশ	সংস্কৃতি	অবকাঠামো উন্নয়ন	আয় উৎসারী	অন্যান্য	মোট ব্যয়
জানুয়ারি-জুন/২০২১	০.২৩	১.০১১	০.৭৩	০.০০	০.১০	০.৫৩০	০.০০	০.৫৩৪	৩.১৩
জুলাই-ডিসেম্বর/২০২০	০.৩০	৩.০২	৩.০৭	০.০৩	০.১৬	০.৪৬	০.০২	০.৩৮	৭.৪৩

চিত্র-৫ অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠানসমূহের খাতওয়ারি CSR ব্যয় বিশ্লেষণ:

জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট CSR ব্যয় জুলাই-ডিসেম্বর ২০২০ ষান্মাসিকের তুলনায় উল্লেখযোগ্য পরিমাণে হ্রাস পেয়েছে। এছাড়া, শিক্ষা, স্বাস্থ্য, দুর্যোগ ব্যবস্থাপনা, পরিবেশ, সংস্কৃতি এবং আয় উৎসারী খাতেও আলোচ্য ষান্মাসিকে CSR ব্যয় উল্লেখযোগ্য হারে হ্রাস পেয়েছে। তবে, অবকাঠামো উন্নয়ন এবং অন্যান্য খাতে জানুয়ারি-জুন ২০২১ ষান্মাসিকে CSR ব্যয় পূর্ববর্তী ষান্মাসিকের তুলনায় কিছুটা বেশি পরিলক্ষিত হয়েছে। ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সার্বিক চিত্র বিশ্লেষণে দেখা যায়, আর্থিক প্রতিষ্ঠানসমূহের মোট এবং খাতওয়ারি CSR ব্যয় ব্যাংকসমূহের মোট এবং খাতওয়ারি CSR ব্যয় এর তুলনায় অত্যন্ত কম।

-----০-----